32629 - যে ব্যক্তি হজ্জ করা ও ব্যবসা করার জন্য সফর করেছেন

প্রশ্ন

আমার জন্য কি এটি জায়েয হবে যে, আমি হজ্জ করার জন্য সফর করব এবং মক্কা থেকে কিছু পণ্য সামগ্রী ক্রয় করে এনে সেগুলো আমার দেশে বিক্রি করব; যাতে করে আমি কিছু লাভ পাই।

প্রিয় উত্তর

আলহামদু লিল্লাহ।.

হজ্জের মৌসুমে ব্যবসা করা জায়েয। ইমাম তাবারী তাঁর তাফসির গ্রন্থে সনদসহ ইবনে আব্বাস (রাঃ) থেকে আল্লাহ্‌র বাণী: "তোমরা তোমাদের প্রভুর অনুগ্রহ তালাশ করতে কোন আপত্তি নেই।"[সূরা বাক্বারা, আয়াত: ১৯৮] এর ব্যাখ্যায় সংকলন করেছেন যে, তিনি বলেন: ইহরাম করার পূর্বে কিংবা ইহরাম করার পরে ক্রয়বিক্রয় করতে কোন আপত্তি নেই।

আল্লাহ্‌ই তাওফিকের মালিক।